# নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

সাওঘাট, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।

ই-মেইলঃ-narayanganjpbs2@gmail.com


স্মারক নং- ২৭.১২.৬৭৬৮.৫৭৯.০২.০০৮.২৪ ৪৫৭৮ তারিখঃ-১৮/১২/২০২৪ইং।

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শুণ্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) এস.এস.সি অথবা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে ।<br>খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।<br>ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালাসহ জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>চ) লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>ছ) পদোন্নতির ক্ষেত্রে নারায়ণগঞ্জ পবিস-২ চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে। |

### ০১। আবেদনপত্র দাখিলের নিয়মাবলীঃ

পবিস নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন আবেদনকারী-কে A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন পত্রে বাংলায় নিজের নাম, পিতার/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিত করণের তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক আগামী ০৬/০১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ৩:৩০ ঘটিকায় স্ব-শরীরে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর সদর দপ্তরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

### ০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) প্রথম ও বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
(গ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
(ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(জ) প্রার্থীর বিরুদ্ধে বর্তমানে বিভাগীয় মামলা অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা বিভাগীয় কার্যধারার অধীন তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(ঝ) পবিস নির্দেশিকা ৩০০-০৮/৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণে/বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণের সত্যায়িত ফটোকপি।
(ঞ) সকল কাগজ পত্র সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

### ০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে নাঃ

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১ (এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে।
(জ) ইতিপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদ ত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(অঃপৃঃদ্রঃ)

**শর্তাবলীঃ**

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই;

০২। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় আত্মীয়-স্বজনদের আবেদন করার প্রয়োজন নাই।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" পদে নিয়োগ করা হবে। "চলতি দায়িত্ব" থাকাকালীন ০১ (এক) বৎসরের কর্মমূল্যায়ন কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত হলে এবং বাপবিবোর্ডের প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হলে নিয়মিত করা হবে।

০৪। পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ ও সর্বশেষ পবিস এর বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি নির্ধারণ করা হবে।

০৫। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রেহণ করা যেতে পারে।

০৬। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৭। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত গলে গণ্য হবে।

২৮.১১.২৪
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
০২। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
০৩। মেয়র.......................... পৌরসভা, নারায়ণগঞ্জ।
০৪। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

(০১–০৬) সদয় অবগতির জন্য

০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.........................১/২/৩/৪।
০৯। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, নারায়ণগঞ্জ।
১০। সকল ডিজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
১১। সকল এজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
১২। এজিএম (আইটি), নারায়ণগঞ্জ পবিস-২ (বিজ্ঞপ্তিটি ওয়োবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs2.narayanganj.gov.bd), নারায়ণগঞ্জ পবিস-২।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

২৮.১১.২৪
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার